

## বাংলাদেশ সেনাবাহিনী ও ইথিওপিয়ান এয়ারলাইন্সের মধ্যে সমঝোতা স্বাক্ষর

- A Monitor Desk Report

Date: 08 January, 2026



ঢাকাঃ বাংলাদেশ সেনাবাহিনী ও ইথিওপিয়ান এয়ারলাইন্সের মধ্যে একটি সমঝোতা সই হয়েছে। চুক্তির আওতায় সুলভ মূল্যে ইথিওপিয়ান এয়ারলাইন্সে যাতায়াত করবেন বাংলাদেশের সেনাসদস্যরা।

বুধবার (৭ জানুয়ারি) এ চুক্তি সই হয়। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

আইএসপিআর জানায়, বাংলাদেশ ও ইথিওপিয়া দুটি বন্ধুপ্রতিম রাষ্ট্রের মধ্যে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির অংশ হিসেবে এই চুক্তি সই হয়েছে। চুক্তির আওতায় বাংলাদেশ সেনাবাহিনীর সদস্যরা এখন থেকে প্রশিক্ষণসহ বিভিন্ন সরকারি কার্যক্রমে অংশগ্রহণের জন্য ইথিওপিয়ান এয়ারলাইন্সের মাধ্যমে বিশ্বের বিভিন্ন গন্তব্যে, বিশেষ করে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিদ্যমান রুটের বাইরে তুলনামূলকভাবে সুলভ মূল্যে যাতায়াত করতে পারবেন।

এই চুক্তির মাধ্যমে একদিকে যেমন সেনাসদস্যদের যাতায়াত ব্যয় অনেকাংশে কমবে, তেমনি সরকারি অর্থেরও সাশ্রয় নিশ্চিত হবে।

আইএসপিআর আরও জানায়, সেনাসদস্যরা আন্তর্জাতিক মানসম্পন্ন স্টার অ্যালায়েন্সের সুবিধা সাশ্রয়ী মূল্যে গ্রহণ করতে পারবেন, যা বিদেশে কর্তব্য পালনের সক্ষমতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করবে।

-B